

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯৭৩

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (کتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/১২. কলহ-বিপর্যয় চলাকালে রসনা সংযত রাখা

بَابِ كُفِّ اللِّسَانِ فِي الْفِتْنَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ أَبِي عُمَرَ الْعَدَنِيُّ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بِنُ مُعَاذِ، عَنْ مَعْمَرٍ، عَنْ عَاصِمِ بِنِ أَبِي النَّجُودِ، عَنْ أَبِي وَائِل، عَنْ مُعَاذِ بِنِ جَبَل، قَالَ كُنْتُ مَعَ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ فِي سَفَرٍ فَأَصْبُحْتُ يَوْمًا قَرِيبًا مِنْهُ وَنَحْنُ نَسِيرُ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَخْبِرْنِي بِعَمَل يُدْخِلُنِي الْجَنَّةَ وَيُبَاعِدُنِي مِنَ النَّارِ . قَالَ " لَقَدْ سَأَلْتَ عَظِيمًا وَإِنَّهُ لَيَسِيرٌ عَلَى مَنْ يَسَرُهُ اللَّهُ عَلَيْهِ تَعْبُدُ اللَّهُ لاَ تُشْرِكُ بِهِ شَيْئًا وَتُقِيمُ الصَّلْاةَ وَتُوْتِي الزَّكَاةَ وَتَصُومُ رَمَضَانَ يَسْرَهُ اللَّهُ عَلَيْهِ تَعْبُدُ اللَّهُ لاَ تُشْرِكُ بِهِ شَيْئًا وَتُقِيمُ الصَّلْاةَ وَتُوْتِي الزَّكَاةَ وَتَصُومُ رَمَضَانَ وَتَحَجُّ الْبَيْتِ " . ثُمَّ قَالَ " أَلاَ أُدُلُكَ عَلَى أَبْوَابِ الْجَنَّةِ الصَّوْمُ جُنَّةٌ وَالصَّدَقَةُ تُطْفِئُ وَتَحَلُوهُ اللَّهُ عَلَى أَبُوابِ الْجَنَّةِ الصَّوْمُ جُنَّةٌ وَالصَّدَقَةُ تُطْفِئُ النَّارَ الْمَاءُ وَصَلَاةُ الرَّجُلُ فِي جَوْفِ اللَّيْلِ " . ثُمَّ قَرَأَ (تَتَجَافَى جُنُوبُهُمْ عَنِ الْمَضَاجِعِ) حَتَّى بَلَغَ (جَزَاءً بِمَا كَاثُوا يَعْمَلُونَ) ثُمَّ قَالَ " أَلاَ أُخْبِرُكَ بِرَأْسِ جُنُوبُهُمْ عَنِ الْمَضَاجِعِ) حَتَّى بَلَغَ (جَزَاءً بِمَا كَاثُوا يَعْمَلُونَ) ثُمَّ قَالَ " أَلاَ أُخْبِرُكَ بِمِلاكِ ذَلِكَ كُلِّهِ " . قُلْتُ بَلَا الْأَمْرِ وَعَمُودِهِ وَذُرُوةِ سَنَامِهِ الْجَهَادُ " . ثُمَّ قَالَ " أَلاَ أُخْبِرُكَ بِمِلاكِ ذَلِكَ كُلِّهِ " . قُلْتُ بَلَى الْمَعْنَادِهُ فَقَالَ " تَكُفُّ عَلَيْهُ مَلَا النَّاسَ عَلَى وُجُوهِهِمْ فِي النَّا لَمُؤَا خَذُونَ بِمَا نَتَكَلَّمُ بِهِ فَالَ " ثَكِلَادُ أَلْسِنَتِهِمْ " قَالَ النَّاسَ عَلَى وُجُوهِهِمْ فِي النَّارِ إِلاَّ حَصَائِدُ أَلْسِنَتِهِمْ "

বাংলা

৭/৩৯৭৩। মুআয ইবনে জাবাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি এক সফরে নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে ছিলাম। একদিন ভারবেলা আমি তাঁর সাথে পথ অতিক্রমকালে তাঁকে বললাম, হে আল্লাহর রাসূল! হে আল্লাহর রাসূল! আমাকে এমন একটি কাজের কথা বলে দিন, যা আমাকে জান্নাতে প্রবেশ করাবে এবং জাহান্নাম থেকে দূরে রাখবে। তিনি বলেনঃ তুমি এক কঠিন প্রশ্ন করলে। তবে বিষয়টি যার জন্য আল্লাহ সহজ করেন তার জন্য সহজ। তুমি আল্লাহর ইবাদত করো, তাঁর সাথে অন্য কিছু শরীক করবে না। নামায কায়েম করো, যাকাত দাও, রম্যান মাসের রোযা রাখো এবং আল্লাহর ঘরের হজ্জ করো। অতঃপর তিনি



বলেনঃ আমি কি তোমাকে কল্যাণের পথসমূহ বলে দিবো না? (তাহলো) রোযা ঢালস্বরূপ, যাকাত পাপরাশি মুছে দেয়, যেমন পানি আগুন নিভিয়ে দেয় এবং মানুষের গভীর রাতের নামায।

অতঃপর তিনি তিলাওয়াত করেনঃ "তারা শয্যা ত্যাগ করে তাদের প্রতিপালককে ডাকে আশা ও ভয়ে এবং আমি তাদেরকে সে জীবনোপকরণ দান করেছি, তা থেকে তারা খরচ করে। কেউই জানে না তাদের জন্য নয়ন প্রীতিকর কি লুকায়িত রাখা হয়েছে, তাদের কৃতকর্মের পুরস্কার স্বরূপ" (সূরা আস-সাজদাঃ ১৬-১৭)। অতঃপর তিনি বলেনঃ আমি কি তোমাকে কাজের মূল, তার স্বস্ত ও শীর্ষ চূড়া সম্পর্কে অবহিত করবো না? তা হলো জিহাদ। তারপর তিনি বলেনঃ আমি কি তোমাকে এই সব কাজের নির্যাস সম্পর্কে অবহিত করবো না? আমি বললাম, হাঁ। তিনি তাঁর জিহবাধরে বলেনঃ তুমি এটা সংযত রাখো। আমি বললাম, হে আল্লাহর নবী! আমরা যা কিছু বলি সেজন্য কি পাকড়াও হবো? তিনি বলেনঃ হে মুআয়! তোমার মা তোমার জন্য কাঁদুক। মানুষ তো তার অসংযত কথাবার্তার কারণেই অধোমুখে জাহান্নামে নিক্ষিপ্ত হবে।

English

It was narrated that Mu'adh bin Jabal said:

"I was with the Messenger of Allah (鰻) on a journey. One morning I drew close to him when we were on the move and said: 'O Messenger of Allah, tell me of an action that will gain me admittance to Paradise and keep me far away from Hell.' He said: 'You have asked for something great, but it is easy for the one for whom Allah makes it easy. Worship Allah and do not associate anything in worship with Him, establish prayer, pay charity, fast Ramadan, and perform Hajj to the House.' Then he said: 'Shall I not tell you of the means of goodness? Fasting is a shield, and charity extinguishes sin as water extinguishes fire, and a man's prayer in the middle of the night.' Then he recited: "Their sides forsake their beds" until he reached: "As a reward for what they used to do."[32:16-17] Then he said: 'Shall I not tell you of the head of the matter, and its pillar and pinnacle? (It is) Jihad.' Then he said: 'Shall I not tell you of the basis of all that?' I said: 'Yes.' He took hold of his tongue then said: 'Restrain this.' I said: 'O Prophet of Allah, will we be brought to account for what we say?' He said: 'May your mother not found you, O Mu'adh! Are people thrown onto their faces in Hell for anything other than the harvest of their tongues?"

ফুটনোট

তিরমিয়ী ২৬১৬, ইরওয়া ৪১৩, আত-তালীকুর রাগীব ৪/৫-৬, তাখরীজুল ঈমান লি ইবনু শায়বাহ ১-২। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আসিম বিন আবুন নাজুদ সম্পর্কে আবু বকর আল-বাযযার বলেন, তিনি হাফিয় ছিলেন না, তার হাদিস কেউ বর্জন করেছেন এমন কাউকে পাইনি। আবু জা'ফার আল-উকায়লী বলেন,



তার স্মৃতিশক্তি দুর্বল ছাড়া তার মাঝে অন্নি কোন দোষ পাইনি। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সিকাহ। ইসমাইল বিন উলায়্যাহ বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে, তার স্মৃতিশক্তি দুর্বল। ইবনু হাজার আল- আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩০০২, ১৩/৪৭৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন